

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইঙ্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.wewb.gov.bd

নম্বর-৮৯.০৮.০০০০.০০৮.১৮.১১৬.২০২০-০৬৯

তারিখ: ০৩ জৈষ্ঠ ১৪২৮
১৭ মে ২০২১

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের “মার্চ ২০২১” মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : Zoom Cloud Meeting এর মাধ্যমে ভার্ত্যাল সভা।

তারিখ ও সময় : ২৮ এপ্রিল ২০২১, বেলা-১২.০০ টা।

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের “মার্চ ২০২১” মাসের মাসিক সমন্বয় সভা Zoom Cloud Meeting এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। শুরুতেই ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পরিচালক (থথ-প্রযুক্তি, গবেষনা ও পরিকল্পনা) হিসেবে জনাব আরিফ আহমেদ খান (উপসচিব) যোগদান করায় কল্যাণ বোর্ড হতে তাঁকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং তিনি উপস্থিত সকলকে তাঁর সংক্ষিপ্ত পরিচিতি প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জনাব মুশারারাত জেবীন উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। সভার কার্যবিবরণীতে কারো কোনো আপত্তি না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। আলোচনাটে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণের লক্ষ্যে উন্মুক্ত দরপত্র প্রকাশ করা হয় এবং দরপত্র অনুযায়ী টেন্ডার ওপেনিং কার্যক্রম সম্পর্ক হয়। দাখিলকৃত প্রতিটান সমূহের দর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত না হওয়ায় রিটেন্ডারের বিষয়ে সভায় আলোচনা হয়। পরবর্তীতে আগামী ২৪/০৫/২১ তারিখ এ রিটেন্ডার হবে মর্মে সভায় বলা হয়। পরবর্তীতে মূল্যায়ন কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা হয়।	বিদ্যমান কনফারেন্স রুম সম্প্রসারণের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের প্রেক্ষিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)	
২.	হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেক্সের মাধ্যমে বিদেশগামী (আগমনী ও বহির্গমন) কর্মীকে ‘পাসপোর্ট ব্যাগ’ ও অন্যান্য উপহার সামগ্রী বিতরণ সংক্রান্ত।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সার্বিক কার্যক্রম প্রচারণার লক্ষ্যে হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেক্সের মাধ্যমে বিদেশগামী কর্মীকে কল্যাণ বোর্ডের নাম সম্বলিত ‘পাসপোর্ট ব্যাগ’ ও (তিনি) লক্ষ পিস পাসপোর্ট ব্যাগ প্রস্তুতপূর্বক দ্রুত বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেক্সের মাধ্যমে বিদেশগামী কর্মীকে কল্যাণ বোর্ড কর্তৃক ৩ (তিনি) লক্ষ পিস পাসপোর্ট ব্যাগ প্রস্তুতপূর্বক দ্রুত বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৩.	দাপ্তরিক কার্যক্রমে চাহিদাপত্র অনুযায়ী মালামাল ক্রয় ও সরবরাহ সংক্রান্ত।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী দাপ্তরিক প্রয়োজনে কম্পিউটার ও প্রিন্টারসহ অন্যান্য মালামাল ক্রয়ের নিমিত্ত টেন্ডার ডকুমেন্টস প্রস্তুত করা হয়েছে, দ্রুততম সময়ে পত্রিকায়	দাপ্তরিক প্রয়োজনে কম্পিউটার ও প্রিন্টারসহ অন্যান্য মালামাল ক্রয়ের দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মহাপরিচালক, বর্তমানে	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		<p>বিজ্ঞপ্তি প্রদানপূর্বক ইজিপিতে টেন্ডার আহবান করা হবে। সভায় আরও আলোচনা হয় যে, মহাপরিচালক সহ বর্তমান দায়িত্বরত ৩ (তিনি) জন পরিচালক গণের দীর্ঘ দিনের ব্যবহৃত পুরাতন মডেলের ল্যাপটপগুলো ব্যবহারের অনুপযোগী ও বর্তমানে প্রায় অকার্যকর হয়ে পড়েছে। তাছাড়া উক্ত ল্যাপটপে নতুন কোন সফটওয়ার ইনস্টল এবং আধুনিক কোনো প্রযুক্তি ব্যবহার করা যাচ্ছে না বিধায় দ্রুত ৪টি অত্যাধুনিক ল্যাপটপ ও অত্র প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ দায়িত্বরত ৩ (তিনি) জন উপ পরিচালকের জন্য আরও ৩টি ল্যাপটপসহ মোট ৭টি ল্যাপটপ ক্রয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।</p>	<p>দায়িত্বরত ৩ (তিনি) জন পরিচালক এর ব্যবহারের জন্য ৪টি অত্যাধুনিক ল্যাপটপ ক্রয়সহ অত্র প্রতিষ্ঠানের ৩ (তিনি) জন উপ-পরিচালকের জন্য আরও ৩টি ল্যাপটপসহ মোট ৭টি ল্যাপটপ ক্রয় করার সিদ্ধান্ত হয়।</p>	
8.	<p>(ক) বিদেশ প্রত্যাগত ১০০ জন মহিলা ও ১০০ জন পুরুষ কর্মীকে রিইন্টিফ্রেশন ও পুনর্বাসন।</p> <p>(খ) 'কোভিড-১৯' কালীন সময়ে বিদেশ প্রত্যাগত নারী কর্মীদের আর্থিক প্রনোদন।</p>	<p>(ক) মুজিব শতবর্ষ ২০২০ উপলক্ষে বিদেশ প্রত্যাগত কর্মীদের "রিইন্টিফ্রেশন ও পুনর্বাসন" কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ০৮টি বিভাগের ১৫টি জেলা (মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, চট্টগ্রাম, কুমিল্লা, নেয়াখালী, লক্ষ্মীপুর, বরিশাল, পাটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, পাবনা, ময়মনসিংহ, যশোর ও রংপুর) পাইলটিং প্রকল্প হিসেবে বিদেশ প্রত্যাগত ১০০ জন মহিলা ও ১০০ জন পুরুষ কর্মীকে বিনাসুদে ঋণ প্রদানের অগ্রগতির বিষয়ে আলোচনা হয়।</p> <p>(খ) মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক করোনাকালীন সময়ে প্রত্যাগত অভিবাসী নারী কর্মীদেরকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক প্রনোদনা প্রদানের অংশ হিসেবে ঢাকা জেলার ২২ জন, নারায়ণগঞ্জ জেলার ১১ জন, গাজীপুর জেলার ১০ জন-, নরসিংদী জেলার ২৩ জন, মুন্সিগঞ্জ জেলার ৩ জন ও মানিকগঞ্জ জেলার ১২ জনসহ মোট ৮১ (একাশি) জনকে ২০,০০০/- (বিশ হাজার) টাকার চেক প্রদান করা হয়েছে।</p> <p>এছাড়াও গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ি, শরীয়তপুর ও মাদারীপুর জেলার ১০৪ জনের মধ্যে ৫৬ জনকে চুড়ান্ত নির্বাচন করা হয়েছে। তাছাড়া ইতোমধ্যে চট্টগ্রাম জেলার ৫ জন নারী কর্মীর মধ্যে ৩ জনকে চুড়ান্তভাবে নির্বাচন করা হয়।</p>	<p>মুজিব শতবর্ষ ২০২০ উপলক্ষে বিদেশ প্রত্যাগত মানিকগঞ্জ জেলার ৪ জন মহিলা ও ৩ জন পুরুষ মোট ৭ জন কর্মীকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে মোট ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা বিনা সুদে ঋণ প্রদান করা হয়েছে।</p> <p>এছাড়াও গোপালগঞ্জ জেলার ৭ জন মহিলা ও ৮ জন পুরুষ মোট ১৫ জন, মাদারীপুর জেলার ৪ জন মহিলা ও ৪ জন পুরুষ মোট ৮ জন এবং চট্টগ্রাম জেলার ৬ জন মহিলা ও ১১ জন পুরুষ মোট ১৭ জনসহ মোট ৪০ জনকে চুড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে।</p> <p>করোনাকালীন সময়ে প্রত্যাগত অভিবাসী নারী কর্মীদেরকে আর্থিক প্রনোদনা কর্মসূচির আওতায় ব্র্যাক হতে প্রদত্ত ১৮০০ জন অভিবাসী নারী কর্মীকে এ আর্থিক প্রনোদনার আওতাভুক্ত করার সিদ্ধান্ত হয়।</p>	<p>পরিচালক (অর্থ ও কল্যাণ) এবং পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)</p>

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		করোনাকালীন সময়ে প্রত্যাগত অভিবাসী নারী কর্মীদেরকে আর্থিক প্রনোদনা প্রদান কর্মসূচির আওতায় ব্র্যাক হতে ১৮০০ জন নারী কর্মীর তালিকা মন্ত্রণালয় হতে প্রেরণ করা হবে মর্মে মহাপরিচালক মহোদয় জানান। তালিকা প্রাপ্তির পর এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত আর্থিক প্রনোদনার আওতাভুত করার বিষয়ে সভায় আলোচনা হয়।		
৫.	কল্যাণ বোর্ড হতে মৃতের পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিদ্যমান নীতিমালা সংশোধন/সংযোজন সংক্রান্ত।	(ক) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রবাসী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা বাস্তবতার নিরীখে আরও যাচাই-বাচাইপূর্বক সংশোধন করার বিষয়ে সভায় আলোচনা হয়। (খ) হ্যারত শাহজালাল আন্তঃ বিমানবন্দর প্রবাসী কল্যাণ ডেক্সের ভারপ্রাপ্ত কর্মকর্তা বলেন, বিদেশে মৃত কর্মীর মরদেহের সাথে দৃতাবাস/মিশনসমূহ হতে প্রদত্ত এনওসিতে মৃত কর্মীর বৈধতা বা কর্মী সনাত্ত করার বিষয়টি সুষ্পষ্ট না থাকায় প্রবাসী কল্যাণ ডেক্স হতে লাশ পরিবহন ও দাফন বাবদ আর্থিক সাহায্য প্রদানে জটিলতা সৃষ্টি হয়। এমতাবস্থায়, দৃতাবাস/মিশনসমূহ হতে প্রদত্ত এনওসিতে মৃত কর্মীর বৈধতা/কর্মী সনাত্তের বিষয়ে সুষ্পষ্ট উল্লেখ থাকা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন। প্রত্যেক দৃতাবাস/মিশনে এ বিষয়ে সুষ্পষ্টভাবে তথ্য প্রদানের জন্য মহাপরিচালক সংশ্লিষ্ট পরিচালককে পত্র দেয়ার নির্দেশনা প্রদান করেন।	আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত বিদ্যমান নীতিমালা বাস্তবতার নিরীখে আরও যাচাই-বাচাইপূর্বক সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। মৃত কর্মীর বৈধতা/কর্মী সনাত্তের বিষয়ে সুষ্পষ্টভাবে তথ্য প্রদানের জন্য দৃতাবাস/মিশনে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ)
৬.	বিশ্ব মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বিদেশ থেকে আগত কর্মীদের কোয়ারেন্টাইনে অবস্থান নিশ্চিত করার লক্ষ্যে বর্তমানে হাজী ক্যাম্প ও দিয়াবাড়ীতে জায়গা সংকুলান না হওয়ায় ব্র্যাক লানিং সেন্টারসহ (আশকোনা) দিয়াবাড়ীতে আরও ২টি ভবন সংস্কার করে কোয়ারেন্টাইন অধিক পরিসরে জায়গা সম্প্রসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	বিশ্ব মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বিদেশ থেকে আগত কর্মীদের কোয়ারেন্টাইনে অবস্থান নিশ্চিত করার লক্ষ্যে বর্তমানে হাজী ক্যাম্প ও দিয়াবাড়ীতে জায়গা সংকুলান না হওয়ায় ব্র্যাক লানিং সেন্টারসহ (আশকোনা) দিয়াবাড়ীতে আরও ২টি ভবন সংস্কার করে কোয়ারেন্টাইন অধিক পরিসরে জায়গা সম্প্রসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	এতদবিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৭.	হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেক্স কর্মরত কর্মচারীদের টিফিন ভাতা প্রদান।	হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেক্সে কর্মরত কর্মচারীদের টিফিন ভাতা প্রদানের বিষয়ে আলোচনা হয়। বিমানবন্দরে কর্মরত অন্য কোনো প্রতিষ্ঠান কর্তৃক টিফিন ভাতা প্রদান করা হয় কিনা বা আর্থিক বিধি-বিধান সাপোর্ট করে কিনা সেটি জেনে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য বলা হয়।	বিমানবন্দরে অন্য কোনো প্রতিষ্ঠান কর্তৃক টিফিন ভাতা প্রদান করা হয় এমন নজির উপস্থাপনসহ আর্থিক বিধিবিধান এর ব্যতয় না ঘটিয়ে বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেক্সের কর্মকর্তা/কর্মচারীদের টিফিন ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৮.	দৃতাবাস/মিশনসমূহ হতে বাজেট সংক্রান্ত চাহিদা প্রেরণ।	আসন্ন বাজেট উপলক্ষ্যে প্রত্যেক দৃতাবাস/মিশনসমূহ হতে বাজেট সংক্রান্ত চাহিদা দুটি প্রেরণ করা প্রয়োজন মর্মে হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় জানান। এ বিষয়ে অধিকতর গুরুত প্রদানপূর্বক জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট দৃতাবাস/মিশনসমূহে বাজেট সংক্রান্ত চাহিদা প্রদানের জন্য পত্র দেয়ার বিষয়ে পরিচালক (অর্থ ও কল্যাণ) কে নির্দেশনা প্রদান করেন। প্রয়োজনে অনলাইনে ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ করে এটি দ্বারানিত করার জন্য বলা হয়।	আসন্ন বাজেট উপলক্ষ্যে প্রত্যেক দৃতাবাস/মিশনসমূহ হতে বাজেট সংক্রান্ত চাহিদা প্রদানের নিমিত্ত অধিকতর গুরুত প্রদানপূর্বক জরুরি ভিত্তিতে চাহিদা প্রদানের জন্য তাগিদ দেয়ার সিদ্ধান্ত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ)
৯.	বিবিধ			
(ক)	জর্ডান হতে ৩ জন নারী কর্মীকে দেশে আনয়নের জন্য টিকেটসহ আনুষংগিক খরচ বাবদ ২,১৬,০০০/- (দুই লক্ষ ষোল হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। সৌদি আরব হতে ৫ জন বৈধ কর্মীকে দেশে আনয়নের জন্য কত টাকা খরচ হবে এতদিবিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক দৃতাবাস বরাবর পত্র দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। দৃতাবাসের মতামতের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মীদের দেশে আনয়নের আনুষংগিক ব্যয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা হয়। এ প্রসঙ্গে পরিচালক (প্রশাসন) বলেন, দৃতাবাস কর্তৃক প্রাথমিক পর্যায়ে নিয়োগকারী কর্তৃপক্ষের অর্থায়নে ৫ (পাঁচ) জন কর্মীকে দেশে আনয়নের সর্বান্বক প্রচেষ্টা চালাতে হবে। পরবর্তীতে নিয়োগকারী কর্তৃপক্ষ হতে কর্মীদের দেশে আনয়নের বিষয়ে প্রয়োজনীয় অর্থ সংগ্রহে ব্যর্থ হলে সেক্ষেত্রে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে উক্ত কর্মীগণকে দেশে আনয়ন করার পক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়।	জর্ডান হতে ৩ জন নারী কর্মীকে দেশে আনয়নের জন্য টিকেটসহ আনুষংগিক খরচ বাবদ ২,১৬,০০০/- (দুই লক্ষ ষোল হাজার) টাকা ব্যয়ের বিষয়ে পরবর্তী বোর্ড সভায় অনুমোদন নিতে হবে এবং সৌদি আরব হতে ৫ জন বৈধ কর্মীকে দেশে আনয়নের আনুষংগিক ব্যয়ে দৃতাবাসের মতামত সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)	
(খ)	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নিরাপত্তা প্রহরী জনাব এরশাদ আলী অফিস শেষে বাসায় যাওয়ার পথে পুলিশের গাড়ীতে ধাক্কা লেগে মারাত্কারভাবে দুর্ঘটনার শিকার হন। তিনি বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন আছেন। তার পরিবার কর্তৃক জানা যায় যে, তার চিকিৎসাখরচ বাবদ ২,০০,০০০/- টাকা খরচ হয়েছে। ইতোমধ্যে তার চিকিৎসার জন্য কল্যাণ বোর্ড হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হয়েছে এবং আরও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের বিষয়ে উপ-সহকারী জনাব নাজমুল হক সভাকে বিনীতভাবে অনুরোধ করেন। নেশ প্রহরী এরশাদ আলী কর্তৃক উক্ত পুলিশ এর গাড়ীর গাড়ীচালকের বিরুদ্ধে পল্টন থানায় একটি সাধারণ ডাইরী নথিভূক্ত করা হয়েছে।	এতদিবিষয়ে নিরাপত্তা প্রহরী জনাব এরশাদ আলীকে ব্যক্তিগতভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পুলিশ ডিপার্টমেন্ট বরাবর আর্থিক সহায়তার আবেদন জানানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)	
১০.	কল্যাণ বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয়।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয় সংক্রান্ত একটি নীতিমালা তৈরীর বিষয়ে পরিচালক (অর্থ ও কল্যাণ) জানতে চান। এ বিষয়ে সহকারী পরিচালক (যানবাহন) বলেন গঠিত কমিটির অনুমোদনের আলোকে নীতিমালার খসড়া প্রণয়নপূর্বক বোর্ড সভার চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে মর্মে সভায় উপস্থিত সকলের একমত পোষন করেন।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয়ের জন্য ইতৎপূর্বে গঠিত কমিটি কর্তৃক নীতিমালা প্রণয়ন পূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
১১.	মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায় সংক্রান্ত।	মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যে মৃতের ওয়ারিশগণ কর্তৃক দাখিলকৃত Power of Attorney/H-Form দুটি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দৃতাবাস/হাইকমিশনে তাগিদ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যে মৃতের ওয়ারিশগণ কর্তৃক Power of Attorney/H-Form দুটি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দৃতাবাস/হাইকমিশনে তাগিদ প্রদানের সিদ্ধান্ত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১২.	Power of Attorney তৈরীর জন্য প্যানেল আইনজীবি নিয়োগ সংক্রান্ত।	প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ মামলা পরিচালনার জন্য দৃতাবাসের চাহিদা মোতাবেক মৃতের পরিবারকে Power of Attorney/H-Form প্রস্তুতের লক্ষ্যে প্যানেল আইনজীবি নিয়োগসহ বাংসরিক কোন দেশে কতটি POA/H Form প্রেরণ করা হয়, প্রত্যেক দেশের POA/H Form তৈরী করতে কি কি কাগজপত্রের প্রয়োজন, কিভাবে POA/H Form প্রস্তুত করতে হয় এবং কত টাকার প্রয়োজন হবে ইত্যাদি বিষয়ে একটি সারসংক্ষেপ প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ মামলা পরিচালনার জন্য দৃতাবাসের চাহিদা মোতাবেক মৃতের পরিবার কর্তৃক দাখিলের জন্য Power of Attorney/H-Form প্রস্তুতের লক্ষ্যে প্যানেল আইনজীবি নিয়োগের বিষয়ে বিস্তারিত তথ্যাদি সম্পর্কিত একটি সারসংক্ষেপ প্রস্তুত করে অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ)

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

অনুলিপি জাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৮। ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপার, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৯। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১১। অফিস নথি/২০২১।